

ঢাকা ওয়াসা

- ১। ২০২৫-২৬ ইং অর্থ বছরের রাজস্ব বাজেটের কপি।
- ২। সারুলিয়া পাম্পিং স্টেশনের লোকেশন ম্যাপ।
- ৩। আলোচ্য কাজের খসড়া প্রাক্কলন।
- ৪। আলোচ্য কাজের প্রাক্কলন।

Name of Work: Repair and Maintenance of Barbed Wire in Sarulia Intake Pumping Station Boundary Wall West Side at SWTP.

০১। ক্রমিক নং ১ হতে ৪ নং পর্যন্ত অনুগ্রহ পূর্বক দেখা যেতে পারে। ঢাকা ওয়াসার সায়েদাবাদ পানি শোধনাগারের অধীনে প্রায় ৪.৮০ কিলোমিটার ডি এন ডি খাল রয়েছে। ডি এন ডি খাল শীতলক্ষ্যা নদী হতে সায়েদাবাদ পানি শোধনাগারের Raw Water Conveyance এবং Pre-Sedimentation হিসাবে ব্যবহৃত হচ্ছে। শীতলক্ষ্যা নদী হতে সারুলিয়া পাম্পিং স্টেশনের সাহায্যে “র” ওয়াটার ডি এন ডি খালের মাধ্যমে এনে সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ ও ফেজ-২ হতে প্রতিদিন প্রায় ৪৫ কোটি লিটার পরিশোধিত ও বিশুদ্ধ পানি ঢাকা মহানগরবাসীদের নিকট সরবরাহ করা হচ্ছে। সারুলিয়া পাম্পিং স্টেশন সরকারের একটি গুরুত্বপূর্ণ Key Points installations(KPI) স্থাপনা। এখানে, সারুলিয়া পাম্পিং স্টেশনটি শীতলক্ষ্যা নদীর পাড়ে অবস্থিত ফলে প্রতিনিয়ত ঢাকা ওয়াসার উচ্চপদ কর্মকর্তারা উক্ত পাম্পিং স্টেশন ভিজিট করে থাকেন। এছাড়াও বিভিন্ন মেডিকেল কলেজ, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, বিদেশী অতিথি, সরকারী কর্মকর্তা-কর্মচারীসহ বিভিন্ন ধরনের অতিথি সারুলিয়া পাম্পিং স্টেশন ভিজিট করে থাকেন। সারুলিয়া পাম্পিং স্টেশনের অপারেশন ভবন, অফিস ভবন, আনসার ক্যাম্প ভবন এবং দুই নিরাপত্তা রুম রয়েছে। সারুলিয়া পাম্পিং স্টেশন সরকারের একটি গুরুত্বপূর্ণ Key Points installations(KPI) স্থাপনা হওয়ার কারণে নিরাপত্তার জন্য পাম্পিং স্টেশনের চারদিকে বাউন্ডারী ওয়াল দ্বারা বেষ্টিত আছে। কিন্তু পশ্চিম পাশের বাউন্ডারী ওয়াল এর বারবেড ওয়ার দীর্ঘদিন মোরামত ও রক্ষণাবেক্ষণ কাজ না করা ফলে বাউন্ডারী ওয়ালের বারবেড ওয়ার ক্ষতিগ্রস্ত/মরিচা পড়ে ভেঙে গেছে। জরুরী ভিত্তিতে মোরামত করা প্রয়োজন।


০২। আলোচ্য সরবরাহ কাজটি বাস্তবায়নের লক্ষ্যে PWD-2022 এর রেট সিডিউলের ভিত্তিতে “দাপ্তরিক প্রাক্কলন” উপস্থাপন করা হল। উপস্থাপিত প্রাক্কলন দাঁড়িয়েছে মোট টাঃ ৪৯,০৬২.৯৩৩ (উনপঞ্চাশ হাজার বাষটি দশমিক নয় তিন তিন) টাকা মাত্র। ঢাকা ওয়াসার প্রচলিত DoFP অনুযায়ী, উপস্থাপিত প্রাক্কলন অনুমোদনের আর্থিক ক্ষমতা প্রধান প্রকৌশলী, ঢাকা ওয়াসা মহোদয়ের এখতিয়ার ভুক্ত। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের রাজস্ব বাজেটের Boundary Wall Maintenance কোড নং-০১-০৪-০০৫ এর খাত হতে নির্বাহ করা যেতে পারে।


০৩। ২০২৫-২৬ ইং অর্থ বছরের বার্ষিক কর্ম পরিকল্পনায় বিষয়ভূক্ত ক্রয় কাজটি সরাসরি দরপত্র পদ্ধতিতে সম্পাদনের জন্য Emergency and unforeseen procurement হিসাবে অন্তর্ভুক্ত করা হবে। সেই আলোকে আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৭৬ (২) এর (ট) ধারা অনুসারে সরাসরি কার্যক্রম পদ্ধতি এর মাধ্যমে ঠিকাদারী প্রতিষ্ঠান বরিশাল এন্টারপ্রাইজ কে নিয়োজিত করে কাজটি সম্পাদনের প্রস্তাবনা পৌঁছে করা হ’ল।


০৪। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ৩.০ পর্যন্ত বর্ণনালোকে, “Repair and Maintenance of Barbed Wire in Sarulia Intake Pumping Station Boundary Wall West Side at SWTP.” শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।


- ক) উল্লিখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৭৬ (১) এর (ট) ধারা অনুসারে সরাসরি বরিশাল এন্টারপ্রাইজ এর সহিত চুক্তির মাধ্যমে বাস্তবায়নে অনুমোদন।
- খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন টাঃ ৪৯,০৬২.৯৩৩ (উনপঞ্চাশ হাজার বাষটি দশমিক নয় তিন তিন) টাকা এর অনুমোদন।
- গ) আলোচ্য ক্রয় সংক্রান্ত ব্যয় বরাদ্দকৃত রাজস্ব বাজেটের Boundary Wall Maintenance কোড নং-০১-০৪-০০৫ এর খাত হতে নির্বাহে অনুমোদন।


উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।



 ২৪/৭/২৫
 সুব্রত কুমার দেব
 উপ-সহকারী প্রকৌশলী
 সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
 SE (SWTP)


 ২৪/৭/২৫
 মোঃ মশিউর রহমান ভূঞা
 সহকারী প্রকৌশলী
 সাঃ পাঃ শোঃ (রক্ষণাবেক্ষণ)
 ঢাকা ওয়াসা।


 ২৭-০৭-২৫
 রাজীব আহমেদ
 নির্বাহী প্রকৌশলী
 সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
 ঢাকা ওয়াসা।


 ২৪/৭/২৫


 ২৪/৭/২৫


 ২৪/৭/২৫
 প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
 প্রধান প্রকৌশলী
 ঢাকা ওয়াসা।